

## পরীক্ষা

### ২০২৪ সালের এসএসসি পরীক্ষা : রুটিন অনুযায়ী কবে কোন পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক ঢাকা



এসএসসি পরীক্ষা প্রথম আলো ফাইল ছবি

২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার সময়সূচি (রুটিন) প্রকাশ করা হয়েছে।  
রুটিন অর্থাৎ কবে কখন কোন পরীক্ষা হবে, তার সময়সূচি প্রকাশিত হয়েছে। এ বছরের পরীক্ষা পূর্ণমান এবং পূর্ণ সময়ে  
অনুষ্ঠিত হবে। ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের রুটিন অনুযায়ী ২০২৪ সালের এসএসসি পরীক্ষা শুরু  
হচ্ছে আগামী ১৫ ফেব্রুয়ারি। পরীক্ষা শেষ হবে ১২ মার্চ।

এবার বাংলা প্রথমপত্রের পরীক্ষা দিয়ে শুরু হবে এসএসসি পরীক্ষা। নির্দিষ্ট দিনগুলোতে সকাল ১০টা থেকে বেলা ১টা  
পর্যন্ত তত্ত্বীয় পরীক্ষা অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৩ থেকে ২০ মার্চ।

- **১৫ ফেব্রুয়ারি** : বাংলা প্রথম পত্র
- **১৮ ফেব্রুয়ারি** : বাংলা দ্বিতীয় পত্র
- **২০ ফেব্রুয়ারি** : ইংরেজি প্রথম পত্র
- **২২ ফেব্রুয়ারি** : ইংরেজি দ্বিতীয় পত্র
- **২৫ ফেব্রুয়ারি** : গণিত
- **২৭ ফেব্রুয়ারি** : ধর্ম (ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা, হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা, বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা, খ্রিস্ট ধর্ম ও  
নৈতিক শিক্ষা)
- **২৮ ফেব্রুয়ারি** : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- **২৯ ফেব্রুয়ারি** : গার্হস্থ্যবিজ্ঞান/ কৃষি শিক্ষা/ সংগীত/আরবি/সংস্কৃত/ পালি/ শারীরিক শিক্ষা ও ক্রীড়া/ চারু ও  
কারুকলা
- **৩ মার্চ** : পদাৰ্থবিজ্ঞান/ বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা/ ফিল্যান্স ও ব্যাংকিং
- **৫ মার্চ** : রসায়ন/ পৌরনীতি ও নাগরিকতা/ ব্যবসায় উদ্যোগ
- **৬ মার্চ** : ভূগোল ও পরিবেশ
- **৭ মার্চ** : জীববিজ্ঞান/ অর্থনীতি
- **১০ মার্চ** : বিজ্ঞান/উচ্চতর গণিত
- **১১ মার্চ** : হিসাববিজ্ঞান
- **১২ মার্চ** : বাংলাদেশ ও বিশ্বপরিচয়।

এদিকে পরীক্ষার্থীদের জন্য নির্দেশনায় দিয়েছে শিক্ষা বোর্ড। নির্দেশনায় বলা হয়েছে, পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে অবশ্যই পরীক্ষার্থীদের পরীক্ষাকক্ষে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা হবে। প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল বা রচনামূলক পরীক্ষা অনুষ্ঠিত হবে ও দুই পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না। পরীক্ষার হলে সাধারণ সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন পরীক্ষার্থীরা। কেন্দ্রসচিব ছাড়া পরীক্ষাকেন্দ্রে অন্য কেউ মুঠোফোন ব্যবহার করতে পারবেন না।

## রাট্ন দেখুন

By using this site, you agree to our Privacy Policy.



 **prothomalo.com**

---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো